

আমন মৌসুমে ধানের খোলপোড়া, ব্যাকটেরিয়াজনিত পাতাপোড়া ও ব্যাকটেরিয়া জনিত লালচে রেখা রোগের প্রাদুর্ভাব এবং করণীয়

খোলপোড়া, ব্যাকটেরিয়াজনিত পাতাপোড়া ও ব্যাকটেরিয়া জনিত লালচে রেখা আমন মৌসুমে ধানের অন্যতম প্রধান রোগ। সঠিক সময়ে প্রয়োজনীয় ব্যবস্থা না নিলে এ রোগগুলো ধানের ফলনের ব্যাপক ক্ষতি করতে পারে।

খোলপোড়া রোগঃ

প্রাথমিক অবস্থায় ধানগাছের নিচের দিকে পাতার খোলে পানি ভেজা দাগ পড়ে। দাগগুলো আকারে বৃদ্ধি পেয়ে বিভিন্ন আকার ধারণ করে। দাগগুলোর মাঝখানে সাদা বা ছাই রং হয় যা বাদামি রেখা দ্বারা সীমাবদ্ধ থাকে। অনেকগুলো দাগ পাশাপাশি থাকলে দেখতে গোখরো সাপের চামড়ার মত ছোপছোপ দেখা যায়। রোগটি গাছের পাতায়ও একই রকম দাগ সৃষ্টি করে।

ভ্যাপসা গরম অবস্থায় (অধিক তাপমাত্রা ও আর্দ্রতা) এ রোগের প্রকোপ বেশি হয়। বেশি পরিমাণ ইউরিয়া সার ব্যবহার করলে রোগটির তীব্রতা বাড়ে। এছাড়াও জলাবদ্ধ জমিতে খোলপোড়া রোগের প্রাদুর্ভাব বেশি হয়।

রোগ দমনের জন্য-

- ✓ পটাশ সার সমান দু'কিস্তিতে ভাগ করে এক ভাগ জমি তৈরির শেষ চাষে এবং অন্য ভাগ শেষ কিস্তি ইউরিয়া সারের সঙ্গে মিশিয়ে প্রয়োগ করতে হবে।
- ✓ পর্যায়ক্রমে ভেজা ও শুকনা পদ্ধতিতে(AWD) সেচ ব্যবস্থাপনা রোগ নিয়ন্ত্রণে সহায়ক।
- ✓ রোগের আক্রমণ গাছের উচ্চতার শতকরা ৩০ ভাগের নিচে থাকলে ছত্রাকনাশক প্রয়োগ করার প্রয়োজন নেই।
- ✓ রোগ দমনে ফলিকুর (১ মিলি/লিটার), নেটিভো ৭৫ডব্লিউজি (০.৬ গ্রাম/লিটার), স্কোর ২৫০এসসি (০.৫ মিলি/লিটার) ছত্রাকনাশক অনুমোদিত মাত্রায় ব্যবহার করতে হবে।



ব্যাকটেরিয়াজনিত পাতাপোড়া রোগঃ

রোগের শুরুতে পাতার অগ্রভাগ বা কিনারায় পানি চোষা শুকনা দাগ দেখা যায়। দাগগুলো আস্তে আস্তে হালকা হলুদ রঙ ধারণ করে পাতার অগ্রভাগ থেকে নিচের দিকে বাড়তে থাকে। শেষের দিকে আংশিক বা সম্পূর্ণ পাতা ঝলসে যায় এবং ধুসর বা শুকনো খড়ের মত রঙ ধারণ করে।

বেশি পরিমাণ ইউরিয়া সারের ব্যবহার এ রোগের অনুকূল পরিবেশ সৃষ্টি করে। উচ্চ তাপমাত্রা ও আর্দ্রতা রোগের জন্য অনুকূল। ঝড়োবৃষ্টি আবহাওয়ার পরে মাঠে রোগটির বিস্তার দ্রুত হয়। অতি উর্বর জলাবদ্ধ জমিতে এবং ছায়াযুক্ত স্থানে রোগ বেশি হয়।



রোগ দমনের জন্য-

- ✓ ঝড়ো বৃষ্টি এবং রোগ দেখার পরপরই ইউরিয়া সারের উপরি প্রয়োগ বন্ধ রাখা।
- ✓ রোগের প্রাথমিক অবস্থায় ৬০ গ্রাম এমওপি এবং ৬০ গ্রাম থিওভিট ১০ লিটার পানিতে ৫ শতাংশ জমির জন্য ব্যবহার করতে হবে।

ব্যাকটেরিয়া জনিত লালচে রেখা


এ রোগের লক্ষণ পাতার শিরা বরাবর লম্বালম্বিভাবে দেখা যায়। রেখাগুলো প্রথমে হালকা হলুদ রঙের এবং ভেজা মনে হয়। সূর্যের দিকে ধরলে দাগগুলোর ভিতর দিয়ে আলো দেখা যায়।

ঝড়ো হাওয়া বা ঝড়-বৃষ্টি রোগটি সূচনার অন্যতম কারণ। ইউরিয়া সার বেশি ব্যবহার করলে রোগের আক্রমণ বাড়ে।

রোগ দমনের জন্য-

- ✓ ঝড়ো বৃষ্টি এবং রোগ দেখার পরপরই ইউরিয়া সারের উপরি প্রয়োগ বন্ধ রাখা।
- ✓ রোগের শুরুতে ৬০ গ্রাম পটাশ সার এবং ৬০ গ্রাম থিয়োভিট [সালফার (৮০%)] প্রতি ১০ লিটার পানিতে মিশিয়ে ৫ শতাংশ জমিতে স্প্রে করা।
- ✓ রোগ দেখার পর বিঘা প্রতি ৫ কেজি পটাশ সার উপরি প্রয়োগ করা।
- ✓ আক্রান্ত জমি শুকিয়ে ৫-১০ দিন পর আবার পানি দেয়া।




৩/৯/২০১৬

ড. মো. আব্দুল লতিফ
বিভাগীয় প্রধান,
উদ্ভিদ রোগতত্ত্ব বিভাগ, ব্রি, গাজীপুর।